



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন
(ইউআইটিআরসিই), নাগেশ্বরী, কুড়িগ্রাম

এবং

মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৪

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Upazilla Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

“সমন্বিত শিক্ষাতথ্য বাস্তবায়ন এবং যুগোপযোগী আই.সি.টি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ উন্নয়ন” এ ভিশন নিয়ে উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), নাগেশ্বরী কাজ করে যাচ্ছে।

ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম, ব্যানবেইস কর্তৃক পরিচালিত অনলাইন জরিপের মাধ্যমে নাগেশ্বরী উপজেলার প্রায় ১৩৬টি পোস্ট প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপের প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ যথাসময়ে সম্পন্ন করে। এছাড়া এই ১৩৬টি পোস্ট প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানের GIS এর ডাটা যথাসময়ে হালনাগাদ সম্পন্ন করেছে।

আইসিটি বিষয়ক প্রশিক্ষণ: গত ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ তিন অর্থবছরে UITRCE, উপজেলাঃউলিপুর, জেলাঃ কুড়িগ্রাম, এ প্রাথমিকোত্তর স্তরের ৫০৪ জন শিক্ষককে ০৬ দিনব্যাপী ও ১৫ দিনব্যাপী আই.সি.টি. বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

গত অর্থবছরে ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম, লোকাল সাইবার সেন্টারের মাধ্যমে ১২০জন শিক্ষক ও শিক্ষার্থীদের বিনামূল্যে বিভিন্ন ধরনের ই-সেবা প্রদান করে আসছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বিদ্যমান UITRCE ব্যবস্থাপনা নীতিমালা সংশোধন করে শিক্ষকবৃন্দের জন্য আই.সি.টি. প্রশিক্ষণের পাশাপাশি সরকারি কর্মচারীবৃন্দের জন্য কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন প্রোগ্রাম ও স্থানীয় যুবসমাজকে বিনামূল্যে আই.সি.টি. ও আউট সোর্সিং কাজের প্রশিক্ষণ আয়োজন। প্রশিক্ষণের মান উন্নয়নের স্বার্থে মাস্টার ট্রেনারগণের পাশাপাশি স্থানীয় দক্ষ আই.সি.টি. প্রশিক্ষকদের রিসোর্স পার্সন হিসেবে অন্তর্ভুক্তিকরণ। প্রশিক্ষণকে সমন্বয়যোগ্য করতে নিয়মিত প্রশিক্ষণ মডিউল হালনাগাদকরণ ও দক্ষতা বৃদ্ধিমূলক নতুন প্রশিক্ষণ মডিউল চালু করা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের ‘এসডিজি-২০৩০’ পরিকল্পনা এর আওতায় টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ এবং ‘ভিশন-২০৪১’ এ বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে পরিণত করার পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে শিক্ষা ক্ষেত্রে সঠিক, নির্ভুল ও গ্রহণযোগ্য তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহের লক্ষ্যে উপজেলা পর্যায়ে UITRCE কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য ব্যানবেইস এর নিয়ন্ত্রণাধীন শিক্ষাক্ষেত্রে একক ও সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা সিস্টেম (IEIMS) Integrated Education Information Management System প্রতিষ্ঠা করা। সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (IEIMS) ও CRVS (Civil Registration Vital Statistics) এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদান কার্যক্রমে ব্যানবেইস কর্তৃক অর্পিত দায়িত্ব পালন। UITRCE এর কার্যক্রম সম্প্রসারণ করে উপজেলা পর্যায় শিক্ষা তথ্য সংগ্রহ সংরক্ষণ ও বিতরণ এবং শিক্ষায় আইসিটি ও আইসিটি শিক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে UITRCE কে ফোকাল পয়েন্ট রূপে গড়ে তোলা এবং মাঠ পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ICT Lab সমূহ নিয়মিত পরিদর্শন ও কার্যকর রাখার ব্যাপারে কারিগরি পরামর্শ প্রদান করা।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বার্ষিক শিক্ষা জরিপ এর মাধ্যমে উপজেলার ১৩৬ টি পোস্ট প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগৃহীত হবে।
- উপজেলা পর্যায়ে UITRCE তে ১৯২ জন শিক্ষককে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে।
- লোকাল সাইবার সেন্টারের মাধ্যমে ১০০ জনের অধিক সেবা গ্রহীতাকে ই-সেবা প্রদান করা হবে।
- সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (IEIMS) ও CRVS এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদানে ব্যানবেইস কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পাদন করা হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি সংশ্লিষ্ট কারিগরি সহায়তা প্রদান করা হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), নাগেশ্বরী, কুড়িগ্রাম

এবং

মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সমন্বিত শিক্ষাতথ্য বাস্তবায়ন এবং যুগোপযোগী আই.সি.টি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission)

মানসম্পন্ন শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বিনির্মাণ, শিক্ষায় আই.সি.টি উপকরণ ব্যবহারের মধ্য দিয়ে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষিত শিক্ষক গড়ে তোলা এবং আইসিটি শিক্ষার সম্প্রসারণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. মান সম্পন্ন শিক্ষা পরিসংখ্যান বিনির্মাণ ও শিক্ষা ব্যবস্থাপনা শক্তিশালী করণ।
২. তৃণমূল পর্যায়ে শিক্ষার গুণগত মান বৃদ্ধি।
৩. ই-সেবা প্রদান।
৪. শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি ল্যাব সমূহ পরিদর্শন ও কারিগরি সহায়তা প্রদান।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত On line জরিপ পরিচালনা করে মানসম্মত শিক্ষাতথ্য সরবরাহ।
২. UITRCE এর কম্পিউটার ল্যাব-এ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে আইসিটি প্রশিক্ষণ প্রদান।
৩. UITRCE এর সাইবার সেন্টারের মাধ্যমে স্থানীয় শিক্ষা পরিবার ও স্থানীয় জনগণকে ই-সেবা প্রদান।
৪. উপজেলা পর্যায়ে বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অবস্থিত ICT Lab সমূহ নিয়মিত পরিদর্শন এবং কারিগরি সহায়তা প্রদান।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
মান সম্পন্ন শিক্ষা পরিসংখ্যান বিনির্মাণের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাপনা শক্তিশালী করণ	শিক্ষাতথ্য সংগ্রহের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান	সংখ্যা	১৩৫	১৩৬	১৩৬	১৩৭	১৩৭	বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	জরিপের তথ্য এন্ড্রি সংক্রান্ত অনলাইন রিপোর্ট
	IEIMS ও CRVS এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদান	সংখ্যা		২৮৮১	৩০০০	৩০০০	৩২০০	বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।	IEIMS সার্ভার
শিক্ষার গুণগতমান বৃদ্ধি	UITRCE সেন্টারে শিক্ষকবৃন্দের আইসিটি প্রশিক্ষণ	সংখ্যা	১৪৪	১৬৮	১৯২	২৪০	২৪০	বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	প্রশিক্ষণের হাজিরা ও সফটওয়্যারের রিপোর্ট
ই-সেবা প্রদান	লোকাল সাইবার সেন্টারে ই-সেবা প্রদান	সংখ্যা		১০০	১২০	১৫০	১৫০	বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)	সাইবার সেন্টার রেজিস্টার
শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আইসিটি ল্যাব পরিদর্শন ও কারিগরি সহায়তা প্রদান	শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আইসিটি ল্যাব পরিদর্শন ও কারিগরি সহায়তা প্রদান	সংখ্যা			৬	১০	১৫	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	পরিদর্শন প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] মান সম্পন্ন শিক্ষা পরিসংখ্যান বিনির্মাণ ও শিক্ষা ব্যবস্থাপনা শক্তিশালী করণ।	২৫	[১.১] সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনার অধীন বার্ষিক শিক্ষা জরিপ পরিচালনা	[১.১.১] শিক্ষাতথ্য সংগ্রহের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২০	১৩৩	১৩৬	১৩৬	১২২	১০৯	৯৫	৮২	১৩৩	১৩৩
		[১.২] IEIMS ও CRVS এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদান	[১.২.১] ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের তথ্য ছক / ডেটাবেইস	সমষ্টি	সংখ্যা	৫	০	২৮৮১	৩০০০	২৭০০	২৪০০	২১০০	১৮০০	৩২০০	৩২০০
[২] তৃণমূল পর্যায়ে শিক্ষার গুণগত মান বৃদ্ধি।	২৫	[২.১] UITRCE সেন্টারে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	২৫	১৯২	১৪৪	১৪৪	১২০	৯৬	৭২	৪৮	১৯২	২৪০
[৩] ই-সেবা প্রদান।	১০	[৩.১] লোকাল সাইবার সেন্টারে ই-সেবা প্রদান	[৩.১.১] ই-সেবা প্রাপ্ত শিক্ষক এবং শিক্ষার্থী	সমষ্টি	সংখ্যা	১০	৯৫	১০০	১২০	১০৮	৯৬	৮৪	৭২	১৫০	১৫০
[৪] শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি ল্যাব সমূহ পরিদর্শন ও কারিগরি সহায়তা প্রদান।	১০	[৪.১] আইসিটি ল্যাব সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	[৪.১.১] শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	১০			৬	৫	৫	৪	৪	১০	১৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), নাগেশ্বরী, কুড়িগ্রাম, মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো হিসাবে সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), নাগেশ্বরী, কুড়িগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



সহকারী প্রোগ্রামার
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর
এডুকেশন (ইউআইটিআরসিই), নাগেশ্বরী, কুড়িগ্রাম

৩০/০৬/২০২৪

তারিখ



মহাপরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো

৩০/৬/২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	BANBEIS	Bangladesh Bureau of Educational Information and Statistics
২	CRVS	Civil Registration and Vital Statistics
৩	GIS	Geographic Information System
৪	ICT	Information and Communication Technology
৫	IEIMS	Integrated Education Information Management System
৬	NIF	National Indicator Framework
৭	NSDES	National Strategies for Development of Education Statistics
৮	UITRCE	Upazila ICT Training and Resource Centre for Education
৯	ইউআইটিআরসিই	উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন
১০	ব্যানবেইস	বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনার অধীন বার্ষিক শিক্ষা জরিপ পরিচালনা	[১.১.১] শিক্ষাতথ্য সংগ্রহের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম	জরিপের তথ্য এন্ড্রি সংক্রান্ত অনলাইন রিপোর্ট
[১.২] IEIMS ও CRVS এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদান	[১.২.১] ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের তথ্য ছক / ডেটাবেইস	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম	প্রোফাইল/ইউআইডি সংক্রান্ত অনলাইন রিপোর্ট
[২.১] UITRCE সেন্টারে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থী	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম	প্রশিক্ষণের হাজিরা ও অনলাইন সফটওয়্যারের রিপোর্ট
[৩.১] লোকাল সাইবার সেন্টারে ই-সেবা প্রদান	[৩.১.১] ই-সেবা প্রাপ্ত শিক্ষক এবং শিক্ষার্থী	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম কার্যালয়ে রক্ষিত সাইবের সেন্টার রেজিস্টার
[৪.১] আইসিটি ল্যাব সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	[৪.১.১] শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	ইউআইটিআরসিই, নাগেশ্বরী, কুড়িগ্রাম	পরিদর্শন রিপোর্ট ও ল্যাব পরিদর্শনের ছবি

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
লোকাল সাইবার সেন্টারে ই-সেবা প্রদান	ই-সেবা প্রাপ্ত শিক্ষক এবং শিক্ষার্থী	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়/সহযোগিতা প্রদান।
আইসিটি ল্যাব সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন	মাউশি, আইসিটি অধিদপ্তর ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	দাপ্তরিক পত্র আদান প্রদান, কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়/সহযোগিতা প্রদান।
IEIMS ও CRVS এর আলোকে স্টুডেন্টস প্রোফাইল প্রণয়ন ও ইউনিক আইডি প্রদান	৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের তথ্য ছক / ডেটাবেইস	ব্যানবেইস, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	দাপ্তরিক পত্র আদান প্রদান, কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়/সহযোগিতা প্রদান এবং যথাসময়ে তথ্য উপাত্ত প্রদান
সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনার অধীন বার্ষিক শিক্ষা জরিপ পরিচালনা	শিক্ষাতথ্য সংগ্রহের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান	ব্যানবেইস, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	দাপ্তরিক পত্র আদান প্রদান, কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়/সহযোগিতা প্রদান এবং যথাসময়ে তথ্য উপাত্ত প্রদান
UITRCE সেন্টারে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থী	ব্যানবেইস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান	প্রয়োজনীয় বাজেট প্রদান, দাপ্তরিক পত্র আদান প্রদান, কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়/সহযোগিতা প্রদান

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ